

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 যুব- ১ শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- যুক্তীম/যুব- ১/পি- ৪৬/৯৬- ১৮৪

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ
 ০২ মে ২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ আনোয়ারুল আজিম, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর- কে গত ১৩/১০/২০১৩ তারিখের যুক্তীম/যুব- ১/পি- ৪৬/৯৬- ৫৯২ আদেশমূলে পঞ্চগড় জেলা কার্যালয়ে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যোগদানের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু আপনি উল্লিখিত কর্মস্থল তথা পঞ্চগড়ে যোগদান করা থেকে বিরত থাকেন;

যেহেতু, আপনার উপর্যুক্ত আচরণ ও কার্যকলাপের জন্য সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন”- এর দায়ে অভিযুক্ত করে গত ২১/১২/২০১৪ খ্রিস্টাব্দ তারিখের যুক্তীম/যুব- ১/পি- ৪৬/৯৬- ৫৬২ নং স্মারকমূলে আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। আপনার দাখিলকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাবের পরিপ্রেক্ষিতে গত ০৫/০৫/২০১৫ খ্রি: তারিখে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, আপনার দাখিলকৃত অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় এবং আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের দৃঢ় ভিত্তি থাকায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ১৯৮৫ এর ৭ (২)(সি) বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তকারী কর্মকর্তার তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, অভিযোগনামার পরিপ্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত আপনার বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, আপনি ইচ্ছাকৃতভাবে নির্দেশিত কর্মস্থলে যোগদান করা থেকে বিরত থাকেন। ফলে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না মর্মে ১৯/১০/২০১৫ খ্রি: তারিখের যুক্তীম/যুব- ১/পি- ৪৬/৯৬- ৫৫৯ নং স্মারকমূলে আপনার বিরুদ্ধে ২য় কারণ দর্শানোর নোটিস জারি করা হয়; এবং

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ০২ -

যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিসের পরিপ্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service) দণ্ড প্রদান করার নিমিত্ত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(৭) মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত আহবান করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক ১৮/০৪/২০১৬ খ্রি: তারিখের ৮০.১০৫.০৩৪.৩৪.০০২.০১৯.২০১৬/৭৭ নং স্মারক দ্বারা আপনার বিরুদ্ধে চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service) দণ্ড আরোপের বিষয়ে ঐকমত্য জ্ঞাপন করা হয়;

সেহেতু, আপনি জনাব মোঃ আনোয়ারুল আজিম, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর- এর বিরুদ্ধে অনীত উপরিবর্ণিত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service) দণ্ড প্রদান করা হলো।

এ দণ্ডদেশ অবিলম্বে কার্যকর হবে।



(কাজী আখতার উদ্দিন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব

জনাব মোঃ আনোয়ারুল আজিম
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
টান্ডাইল (পঞ্চগড় জেলা কার্যালয়ে বদলির আদেশপ্রাপ্ত)।

স্থায়ী ঠিকানা


জনাব মোঃ আনোয়ারুল আজিম
পিতা- এ কে এম আব্দুল হক
গ্রাম- গণিপুর, ডাকঘর- চৌমুহনী
উপজেলা- বেগমগঞ্জ, জেলা- নোয়াখালী।

নং- যুক্তীম/যুব- ১/পি- ৪৬/৯৬- ২৮-৪

তারিখ: ০২/০৫/২০১৬ খ্রি:।

অনুলিপি: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো! জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্লট নং- ই ২৭ ও ২৯, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা (মূলকপিসহ প্রাপ্তিস্বীকারমূলে বিলি করে স্বীকৃতিপত্রসহ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপ- পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(আদেশটি গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, (৩য় ফেজ) সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল/পঞ্চগড়।
- ০৬। উপ- পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল/পঞ্চগড়।
- ০৭। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। সহকারী পরিচালক, আইটিসেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
(আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি।


(হোসনা আফিরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫০৯